348

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 1-1-1999 ...
পৃষ্ঠা ২২ কলাম ৫

# বর্তমান সঙ্কট উত্তরণে নির্দলীয় ছাত্র রাজনীতির উপর গুরুত্ব আরোপ

চট্টগ্রাম অফিস ।। ছাত্র পরিষদ চট্টগ্রাম বন্দর শাখার আয়োজিত এক আলোচনা সভায় বক্তারা বর্তমান রাজনৈতিক সংকট হইতে মুক্তির লক্ষ্যে ছাত্রদেরকে মুক্ত চিন্তা ও নির্দলীয় ছাত্র রাজনীতির মাধ্যমে জাতিসত্তার চেতনায় উদ্বুদ্ধ হইয়া সচেতন প্রয়াস চালানোর আহ্বান জানান। গত মঙ্গলবার হালিশহর নিশ্চিন্তাপাড়া স্কুল মিলনায়তনে বদিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সংগঠনের কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ আনিস, মহানগর সভাপতি মোহাম্মদ সিরাজউদ্দিন, কার্যকর সভাপতি ওমর ফারুক, সাধারণ সম্পাদক মানিক মাহমুদ প্রমুখ আলোচনা করেন। সভা শেষে ইফতারের আয়োজন করা হয়।